বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

স্মারক নং- ইউজিসি/প্রশা:/১০৫(১৭৬)/২০২৬/ ৬৩৮

তারিখ : ২৬ চৈত্র ১৪৩২ / ০৯ এপ্রিল ২০২৬

## অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ০৪-০৩-২০২৬ তারিখ অনুষ্ঠিত অর্থ কমিটির ১৩৫ তম সভার সুপারিশক্রমে ০৫-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত পূর্ণ কমিশনের ১৭৬ তম সভায় "কমিশনের কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয় সংক্রান্ত ঋণ প্রদান নীতিমালা, ২০২৫ (সংশোধিত)" অনুমোদিত হয়েছে।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৯/০৪/২০২৬

ড. মোঃ ফখরুল ইসলাম
সচিব
ফোন- ৫৮১৬০১০৬

স্মারক নং- ইউজিসি/প্রশা:/১০৫(১৭৬)/২০২৬/

তারিখ : ২৬ চৈত্র ১৪৩২ / ০৯ এপ্রিল ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

১। সচিব, ইউজিসি, ঢাকা।
২-১২। পরিচালক (অর্থ, হিসাব ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড/ পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/স্ট্র্যাটেজিক প্লানিং এন্ড কোয়ালিটি এসিউরেন্স/ পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন্স/জেনারেল সার্ভিসেস এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইন্টারন্যাশনাল কোলাবোরেশন/অডিট বিভাগ), ইউজিসি, ঢাকা। — তাঁর বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১৩। অতিরিক্ত পরিচালক, আইসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ইউজিসি, ঢাকা।
১৫-১৯। সহকারী সচিব/ব্যক্তিগত কর্মকর্তা, সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা।
২০। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের ইউজিসি, ঢাকা।
২১। অফিস আদেশ নথি।
২২-২৩। নথি/মহানথি।

০৯/০৪/২০২৬

নাসরিন সুলতানা
সহকারী সচিব

১২/০৪/২০২৬
AD-2

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

## কমিশনের কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয় সংক্রান্ত ঋণ প্রদান নীতিমালা, ২০২৫ (সংশোধিত)

(০৫/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত কমিশনের ২৭৮তম সভায় অনুমোদিত)

১। **শিরোনাম:**
এই নীতিমালা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয় সংক্রান্ত সাধারণ গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা:**
বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই নীতিমালায়-

(ক) "কমিশন" অর্থ ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ১০ নম্বর আদেশ দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
(খ) "পূর্ণ কমিশন" অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর পূর্ণ কমিশন;
(গ) "কর্মচারী" অর্থ কমিশনে শুধুমাত্র স্থায়ী পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী;
(ঘ) "ঋণ" অর্থ গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয়ের জন্য প্রদেয় ঋণ;
(ঙ) "ঋণ গ্রহীতা" অর্থ কমিশনে কর্মরত কর্মচারী যাহারা এই নীতিমালার আওতায় ঋণ প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন;
(চ) "অন্যান্য ঋণ" অর্থ কমিশন হইতে গৃহীত ঋণ যেমন- ইউজিসি কর্পোরেট সাধারণ গৃহ নির্মাণ ঋণ, ভবিষ্য তহবিল হইতে ঋণ, মোটরকার, মোটরসাইকেল, বাইসাইকেল, কম্পিউটার ক্রয় সংক্রান্ত ঋণকে বুঝাইবে;
(ছ) "কমিটি" অর্থ কমিশনের কর্মচারীদের গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয়ের জন্য ঋণ বরাদ্দের সর্বোচ্চ সীমা ও গ্রাহক নির্বাচন কমিটি বুঝাইবে।
(জ) "ডিউ ডিলিজেন্স (Due Diligence)" অর্থ ঋণ প্রদানের আগে ঋণ গ্রহীতার আর্থিক অবস্থা, দায়দায়িত্ব, ঋণ পরিশোধের সক্ষমতা ও সম্ভাব্য ঝুঁকিগুলো সতর্কতার সঙ্গে বিশ্লেষণ ও যাচাই-বাছাই করার পদ্ধতি।

৩। **নীতিমালা প্রয়োগ:**
এই নীতিমালা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে স্থায়ী পদের বিপরীতে কর্মরত কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। **নীতিমালার প্রাধান্য:**
এই নীতিমালা পূর্ণ কমিশন সভায় অনুমোদনের তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৫। **ঋণ প্রাপ্তির যোগ্যতা :**

(ক) আবেদনকারীকে এই নীতিমালার ২ (গ) অনুসারে কর্মচারী হইতে হইবে;
(খ) কমিশনের স্থায়ী কর্মচারী যাহার পেনশনযোগ্য চাকুরির মেয়াদ ন্যূনপক্ষে ১০ (দশ) বৎসর পূর্ণ হইয়াছে তিনি এই ঋণ প্রাপ্তির যোগ্য হইবেন;
(গ) ঋণের জন্য আবেদনের সর্বশেষ বয়সসীমা হইবে অবসরোত্তর ছুটিতে গমনের ০১ (এক) বৎসর পূর্ব পর্যন্ত;
(ঘ) শৃঙ্খলা ভঙ্গজনিত মামলায় অভিযুক্ত কোনো আবেদনকারী তাহার অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এই ঋণ প্রাপ্তির যোগ্য হইবেন না। গুরুদণ্ডের ধারায় দণ্ডপ্রাপ্ত কোনো কর্মচারী এই ঋণ প্রাপ্য হইবেন না;
(ঙ) এই নীতিমালার আওতায় একজন কর্মচারী একবারের বেশী এই ঋণ প্রাপ্য হইবেন না। তবে শর্ত থাকে যে, পূর্বের নীতিমালায় গৃহীত ঋণ সমন্বয়পূর্বক এই নীতিমালার আওতায় ঋণ প্রাপ্য হইবেন;
(চ) লিয়েন, চুক্তিভিত্তিক, খন্ডকালীন ও অস্থায়ীভিত্তিতে নিযুক্ত কোনো কর্মচারী এই নীতিমালার আওতায় ঋণ প্রাপ্য হইবেন না।

৬। **ঋণের জন্য আবেদন করার পদ্ধতি:**

(ক) কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট ঋণের জন্য আবেদন করিতে হইবে;
(খ) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হইবে :
   (১) গৃহ নির্মাণ ঋণের ক্ষেত্রে ক্রয়কৃত জমির দলিল এবং জমি বা ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে রেজিস্ট্রিকৃত জমি/বাড়ি/ফ্ল্যাট বায়নার কপি;
   (২) ঋণ গ্রহীতার অন্য যে যে খাতে ঋণ রয়েছে সে সংক্রান্ত তথ্যাদি সংবলিত প্রত্যয়নপত্র অর্থ, হিসাব ও বাজেট বিভাগ হতে সংগ্রহপূর্বক ঋণের আবেদনপত্রের সাথে প্রদান করিতে হইবে;
   (৩) ঋণ গ্রহীতার সর্বশেষ ০১ (এক) অর্থ বছরের ব্যাংক স্টেটমেন্ট এবং আয়কর রিটার্ন আবেদনপত্রের সাথে প্রদান করিতে হইবে।

৭। ঋণ প্রাপ্তির শর্তাবলী:

(ক) এই নীতিমালার আওতায় কর্মচারীগণ দেশের যেকোনো এলাকায় গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয়ের জন্য ঋণ গ্রহণ করিতে পারিবেন;

(খ) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে কেবলমাত্র সম্পূর্ণ তৈরি ফ্ল্যাটের জন্য ঋণ প্রদান করা হইবে। তবে সরকারি সংস্থা কর্তৃক নির্মাণকৃত ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে 'সম্পূর্ণ তৈরি ফ্ল্যাটের' শর্ত শিথিলযোগ্য হইবে;

(গ) ১০ (দশ) বছরের অধিক ব্যবহার্য নয় এমন পুরাতন বাড়ি/ফ্ল্যাট ক্রয় করা যাইবে;

(ঘ) কমিশনের যে সকল কর্মকর্তা/কর্মচারীগণের ঢাকায় নিজস্ব জায়গা/জমি/ইমারত/ফ্ল্যাট নেই, তাহারা ঋণ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাইবে। এক্ষেত্রে আবেদনকারীর ঢাকায় নিজস্ব জায়গা/জমি/ইমারত/ফ্ল্যাট নেই মর্মে ঘোষণাপত্র দিতে হইবে;

(ঙ) ঋণের গ্যারান্টার হিসেবে ঋণ গ্রহীতার ০১ (এক) জন সহকর্মী ও ০১ (এক) জন নিকট আত্মীয় (পরিবারের লোক) অন্তর্ভুক্ত করিতে হইবে;

৮। ঋণের নির্ধারিত সর্বোচ্চ সিলিং:

(ক) ঋণের সর্বোচ্চ সিলিং নিম্নরূপ হইবে :

| ক্যাটাগরি | কর্মচারীর মূল বেতন স্কেলের গ্রেড | | ঋণের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| (১) | জাতীয় বেতন স্কেলের ৫ম হইতে তদুর্ধ্ব গ্রেডভুক্ত কর্মচারী | - | সর্বোচ্চ ৫০ লক্ষ |
| (২) | জাতীয় বেতন স্কেলের ৯ম হইতে ৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মচারী | - | সর্বোচ্চ ৩৫ লক্ষ |
| (৩) | জাতীয় বেতন স্কেলের ১৩তম হইতে ১০ম গ্রেডভুক্ত কর্মচারী | - | সর্বোচ্চ ২৫ লক্ষ |
| (৪) | জাতীয় বেতন স্কেলের ১৭তম হইতে ১৪তম গ্রেডভুক্ত কর্মচারী | - | সর্বোচ্চ ২০ লক্ষ |
| (৫) | জাতীয় বেতন স্কেলের ২০তম হইতে ১৮তম গ্রেডভুক্ত কর্মচারী | - | সর্বোচ্চ ১৫ লক্ষ |

(খ) ঋণ আবেদনকারীর পেনশন বাবদ প্রাপ্ত আনুতোষিক হইতে অন্যান্য ঋণ সমন্বয়ের পর ঋণের পরিমাণ নির্ধারণ কমিটির সুপারিশ অনুযায়ী ঋণ প্রদানের সর্বোচ্চ সীমা নির্ধারিত হইবে।

(গ) ঋণ গ্রহীতার **"যাবতীয় কর্তন মোট বেতনের অনধিক ২/৩ (দুই তৃতীয়াংশ) এবং উত্তোলন ১/৩ (এক তৃতীয়াংশ)"** প্রাধান্য দিয়ে ঋণ নির্ধারণ কমিটি ঋণের সুপারিশ করিবে;

(ঘ) ক্যাটাগরি অনুযায়ী প্রাপ্য সর্বোচ্চ ঋণ হইতে কেহ ইচ্ছা করিলে কম ঋণ গ্রহণ করিতে পারিবেন;

(ঙ) ঋণ মঞ্জুরীর সময়ে ঋণ গ্রহীতা অবসর গ্রহণ অথবা চাকুরি ত্যাগ করিলে যে আনুতোষিক সুবিধা প্রাপ্য হইতেন, ঋণের পরিমাণ কোনোক্রমেই তাহা হইতে বেশী হইবে না।

৯। ঋণ মঞ্জুরী ও বিতরণ:

৯.১ ঋণ বরাদ্দের সর্বোচ্চ সীমা ও গ্রাহক নির্বাচন কমিটি:

(ক) কর্মচারীদের মধ্যে ঋণ বরাদ্দের সর্বোচ্চ সীমা সুপারিশ করার জন্য নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সমন্বয়ে একটি কমিটি গঠিত হইবে-

| | | |
|---|---|---|
| (১) | সার্বক্ষণিক সদস্য (অর্থ, হিসাব ও বাজেট) | - সভাপতি |
| (২) | সার্বক্ষণিক সদস্য (প্রশাসন) | - সদস্য |
| (৩) | সচিব | - সদস্য |
| (৪) | পরিচালক (অর্থ, হিসাব ও বাজেট) | - সদস্য |
| (৫) | উপ-পরিচালক (অর্থ ও হিসাব শাখা) | - সদস্য-সচিব |
| (৬) | প্রতিনিধি, ইউজিসি অফিসার্স এসোসিয়েশন | - সদস্য |
| (৭) | প্রতিনিধি, ইউজিসি কর্মচারী ইউনিয়ন | - সদস্য |

(খ) আবেদনকারীগণকে ক্যাটাগরিভিত্তিক বিভাজন করিয়া ঋণ বরাদ্দ করা হইবে;

(গ) একই ক্যাটাগরির মধ্যে ঋণ বরাদ্দের ক্ষেত্রে নিম্নরূপ পয়েন্ট পদ্ধতি অনুসৃত হইবে :

(১) কমিশনে পেনশনযোগ্য চাকুরির প্রতি বৎসরের জন্য ০২ (দুই) পয়েন্ট। কোনো বৎসরের ০৬ (ছয়) মাস বা তদুর্ধ্ব কিন্তু ০১ (এক) বৎসরের কম অংশের জন্য ০১ (এক) পয়েন্ট প্রাপ্য হইবেন;

(২) প্রতি ১০০০.০০ টাকা মূল বেতনের জন্য ০১ (এক) পয়েন্ট, ৫০০.০০ (পাঁচশত) টাকা বা তদুর্ধ্ব কিন্তু ১০০০.০০ (এক হাজার) টাকার কম বেতনের জন্য $\frac{১}{২}$ (অর্ধ) পয়েন্ট প্রাপ্য হইবেন;

(ঘ) ঋণ ও সুদের কিস্তি অবশ্যই মাসিক বেতন হইতে পরিশোধযোগ্য হইবে। যদি ঋণ নির্ধারণ কমিটির নিকট এই মর্মে প্রতীয়মান হয় যে, আবেদনকারী অন্যান্য ঋণ গ্রহণের ফলে তাঁহার বেতন হইতে মাসিক কিস্তি পরিশোধে সক্ষম নন, তাহা হইলে তাঁহার আবেদন বিবেচনা করা হইবে না;

(ঙ) যদি ঋণ পরিশোধের জন্য ঋণ গ্রহীতার বেতন ও অন্যান্য প্রাপ্য অর্থ কর্তৃপক্ষের নিকট যথেষ্ট প্রতীয়মান না হয়, সেই ক্ষেত্রে ঋণ গ্রহীতা তাঁহার ভবিষ্য তহবিল বা আনুতোষিক হইতে কোনো অর্থ উত্তোলন করিতে পারিবেন না।

**৯.২ ঋণ মঞ্জুরী প্রক্রিয়া:**

(ক) কমিশনের কমিশনের অর্থ, হিসাব ও বাজেট বিভাগের অর্থ ও হিসাব শাখা কর্তৃক ঋণ বরাদ্দের নোটিশ জারি থেকে শুরু করে ঋণ মঞ্জুরির সমস্ত প্রক্রিয়া সম্পাদিত হইবে। এক্ষেত্রে ঋণ মঞ্জুরির চূড়ান্ত "অফিস আদেশ" প্রশাসন বিভাগ কর্তৃক জারি করা হইবে;

(খ) ঋণ বরাদ্দ কমিটির সভা বৎসরে ০২ (দুই) বার অর্থাৎ জুলাই এবং ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হইবে। ঋণ বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠানের ১৫ (পনের) দিন পূর্বে দরখাস্ত আহ্বান করিতে হইবে;

(গ) প্রাপ্ত আবেদনসমূহ বাছাইপূর্বক প্রত্যেক ক্যাটাগরিতে সমতা ও ন্যায্যতার ভিত্তিতে ঋণ প্রদান করা হইবে;

(ঘ) কোনো ক্যাটাগরিতে আবেদনকারী না পাওয়া গেলে উক্ত ক্যাটাগরির ঋণ অন্য আবেদনকারীর মধ্যে বিতরণের বিষয়ে ঋণ বরাদ্দ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে;

(ঙ) মঞ্জুরীকৃত ঋণ প্রাপ্তির পূর্বে ঋণ গ্রহীতাকে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যমানের নন‌জুডিসিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা/চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

(চ) এই ঋণ প্রক্রিয়ার ক্ষেত্রে অন্যান্য "ডিউ ডিলিজেন্স (Due Diligence)" প্রযোজ্য হইবে।

**৯.৩ ঋণ বিতরণ:**

(ক) জমি ক্রয় করে ইমারত নির্মাণের ক্ষেত্রে ঋণের অর্থ ০৩ (তিন) কিস্তিতে ছাড় করা হইবে। এক্ষেত্রে ক্রয়কৃত জমির বায়নার কপি সংশ্লিষ্ট বিভাগে প্রদান করিতে হইবে;

(খ) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে গৃহীত ঋণের সম্পূর্ণ অর্থ এককালীন প্রদান করা হইবে। এক্ষেত্রে ক্রয়কৃত ফ্ল্যাট বায়নার কপি সংশ্লিষ্ট বিভাগে প্রদান করিতে হইবে;

**১০। ঋণের ডকুমেন্টেশন:**

কমিশনের অর্থ ও হিসাব শাখা যথাযথ প্রক্রিয়ায় ইউজিসি সাধারণ গৃহ নির্মাণ ঋণের ডকুমেন্টেশন, ভাউচার প্রস্তুত, ক্যাশ বহি, লেজার ইত্যাদি সংরক্ষণ করিবে।

**১১। ঋণের সুদের হার:**

ঋণ গ্রহীতা ক্রমহ্রাসমান (Reducing balance) পদ্ধতিতে আসল টাকার উপর বার্ষিক ৫% সরল সুদ প্রদান করিবেন। এক্ষেত্রে আগে আসল কর্তন করা হইবে এবং পরবর্তীতে সুদ কর্তন করা হইবে।

**১২। ঋণের তহবিলের উৎস:**

নিম্নোক্ত উপায়ে কমিশনের কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয় সংক্রান্ত ঋণের জন্য তহবিল সংগৃহীত হইবে :

(ক) কমিশন কর্তৃক মঞ্জুরকৃত/স্থানান্তরকৃত অর্থ;

(খ) ব্যাংকে সঞ্চিত অর্থের উপর অর্জিত মুনাফা;

(গ) কর্মচারীদের মধ্যে বিতরণকৃত প্রদত্ত ঋণের উপর অর্জিত মুনাফা;

(ঘ) অন্যান্য বৈধ উপায়ে প্রাপ্ত অর্থ।

১৩। **ঋণের মেয়াদকাল ও আদায় পদ্ধতি:**

(ক) **ঋণ পরিশোধের মেয়াদ:**

(১) সর্বমোট ২৪০ কিস্তিতে আসল ও সুদের অর্থ পরিশোধ করিতে হইবে। এক্ষেত্রে ১৮০ কিস্তিতে আসল এবং অবশিষ্ট ৬০ কিস্তিতে সুদ কর্তন করা হইবে। কেহ ইচ্ছা করিলে নির্ধারিত কিস্তির চেয়েও অধিক হারে আসল ও সুদের অর্থ পরিশোধ করিতে পারিবে;

(২) ঋণ প্রাপ্তির পরবর্তী মাস হইতে ঋণ গ্রহীতার মাসিক ঋণ পরিশোধের কিস্তি আরম্ভ হইবে। তবে, ঋণ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে তা সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত গ্রেস পিরিয়ড মঞ্জুর করা যাইবে;

(৩) উক্ত রূপ কিস্তিতে যদি সমুদয় ঋণ ও ঋণের সুদ আদায় সম্ভব না হয় তাহা হইলে অবশিষ্ট অর্থ তাহার পেনশন, আনুতোষিক ও প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি খাত হইতে আদায় করা হইবে।

(খ) **ঋণ আদায় পদ্ধতি:**

(১) কোনো কর্মচারী ঋণ গ্রহণ করার পর লিয়েনে/ডেপুটেশনে গমন করিলে উক্ত সময়ে তিনি ঋণের কিস্তি যথানিয়মে পরিশোধ করিবেন;

(২) কোনো কর্মচারী স্বেচ্ছায় চাকুরি ত্যাগ করিলে অথবা কমিশন কর্তৃক কোনো কর্মচারীকে বাধ্যতামূলক অবসর প্রদান অথবা চাকুরি হইতে বরখাস্ত অথবা চাকুরিচ্যুত করা হইলে আদেশ জারির তারিখ হইতে ঋণের অপরিশোধিত অর্থ সংশ্লিষ্ট কর্মচারীর পেনশন সুবিধা অথবা আনুতোষিক হইতে আদায় করা হইবে;

(৩) কোনো ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করিলে ঋণের অপরিশোধিত কিস্তি তাহার প্রাপ্য পেনশন অথবা আনুতোষিক হইতে আদায় করা হইবে;

(৪) আনুতোষিক দ্বারা সম্পূর্ণ ঋণ আদায় নিশ্চিত না হইলে সুদের হার অপরিবর্তিত রাখিয়া তাহার উত্তরাধিকারীর নিকট হইতে ঋণের অপরিশোধিত অংশ আদায়যোগ্য হইবে। তবে তাহার পারিবারিক অবস্থা বিবেচনা করিয়া বিশেষ বিবেচনায় ঋণের উপর আরোপিত সকল সুদ বা সুদের অংশ বিশেষ কমিশন মওকুফ করিতে পারিবে;

(৫) কোনো কারণে ঋণ গ্রহীতার বেতন বন্ধ থাকিলে পরবর্তীতে তার বকেয়া বেতন চালু হইলে ঋণের বকেয়া একসাথে আদায় করা হইবে।

১৪। **রহিতকরণ:**
পূর্ণ কমিশনের ১৫৯তম সভায় অনুমোদিত "বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয়/জমি ক্রয় ঋণ নীতিমালা" এতদ্বারা রহিত করা হইল।

১৫। **অস্পষ্টতা দূরীকরণ:**
এই নীতিমালা সংশোধন, নতুন ধারা সংযোজন এবং ইহার কোনো ধারা বাতিল করিবার ক্ষমতা পূর্ণ কমিশনের উপর ন্যস্ত থাকিবে। এতদ্ব্যতিত এই নীতিমালার যে কোনো ধারার ব্যাখ্যা সংক্রান্ত কমিশন এর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

মোঃ আনোয়ার হোসেন
সভাপতি, ইউজিসি কর্মচারী ইউনিয়ন
ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

২৯-০৭-২৫
কাজী মোঃ ইসমাইল হোসেন
সহকারী সচিব, প্রশাসন বিভাগ
ইউজিসি ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

২৯.০৭.২০২৫
মোঃ আসাদুজ্জামান
উপ-সচিব, প্রশাসন বিভাগ
ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

২৯/৭/২০২৫
মোঃ আব্দুল আলীম, সিপিএ
উপ-পরিচালক
অর্থ, হিসাব ও বাজেট বিভাগ
ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

২৯/৭/২০২৫
ড. মোঃ মহিব্বুল আহসান
অতিরিক্ত পরিচালক ও সাধারণ সম্পাদক
ইউজিসি অফিসার্স এসোসিয়েশন
ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

২৯/৭/২৫
মোঃ মোস্তাফিজুর রহমান
অতিরিক্ত পরিচালক
চেয়ারম্যান এর দপ্তর, প্রশাসন বিভাগ
ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

২৯/৭/২৫
মোঃ রেজাউল করিম হাওলাদার
পরিচালক, অর্থ, হিসাব ও বাজেট বিভাগ
ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

২৯/৭/২৫
ড. মোঃ ফখরুল ইসলাম
সচিব
ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

২৯/০৭/২৫
প্রফেসর মোহাম্মদ তানজীমউদ্দিন খান, পিএইচডি
সদস্য
ইউজিসি ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

## University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

তারিখ : --------------------------------

সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা- ১২০৭।

**বিষয় : ইউজিসি সাধারণ গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা, ২০২৫-এর আওতায় গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয় ঋণ মঞ্জুরীর আবেদন।**

জনাব,
বিনীত নিবেদন এই যে, **ইউজিসি সাধারণ গৃহ নির্মাণ ঋণ নীতিমালা, ২০২৫** অনুযায়ী আমি গৃহ নির্মাণ/জমি/ফ্ল্যাট ক্রয় ঋণ বাবদ টাকা ................................ কথায়: টাকা ...................................................... লক্ষ মাত্র ঋণ প্রাপ্তির আবেদন জানাচ্ছি। উক্ত ঋণ প্রাপ্তির জন্য নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হলো :

১। নাম : ______________________ , বেতন আইডি: ______________________
(ক) পিতা/স্বামী/স্ত্রীর নাম : ______________________
(খ) মাতার নাম : ______________________
২। পদবি ও বিভাগ : ______________________
৩। জন্ম তারিখ : ______________ ৪। বর্তমান পদে যোগদানের তারিখ : ______________
৫। কমিশনে স্থায়ী পদে যোগদানের তারিখ : ______________ ৬। কমিশনে নিয়মিত মোট চাকরিকাল : ______________
৭। পেনশনযোগ্য চাকরিকাল : ______________ ৮। বর্তমান পদে বেতনস্কেল : ______________
৯। মূলবেতন : ______________ ১০। বর্তমান পদে মোট বেতন : ______________
১১। বর্তমান পদে নীট/কর্তন বাদে বেতন : ______________________
১২। বর্তমান ঠিকানা (আবাসিক) : ______________________
১৩। স্থায়ী ঠিকানা : ______________________
১৪। যে স্থানে জমি/বাড়ি/ফ্ল্যাট ক্রয় এবং গৃহ নির্মাণ করা হবে তার ঠিকানা (দলিল/বায়নানামা সংযুক্ত) : ______________________
১৫। বর্তমানে শৃঙ্খলাভঙ্গ জনিত মামলায় অভিযুক্ত কিনা? (হ্যা/না): অভিযুক্ত হয়ে থাকলে দণ্ডের ধরণ (লঘু/গুরু) :
১৬। গ্রেস পিরিয়ড গ্রহণ করতে ইচ্ছুক কিনা? (হ্যা/না): কত মাস (সর্বোচ্চ ০৬ মাস) :

অতএব, বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে বিধি মোতাবেক জমি/বাড়ি/ফ্ল্যাট ক্রয় এবং গৃহ নির্মাণ ঋণ মঞ্জুরী প্রদান করিলে আমি যথানিয়মে ঋণ পরিশোধের জন্য বাধ্য থাকিবো।

বিভাগীয় প্রধানের সুপারিশ :

স্বাক্ষর ও তারিখ :
সীলমোহর

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ :
পদবি :
বিভাগ :

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

## অর্থ, হিসাব ও বাজেট বিভাগ কর্তৃক পূরণীয়

১৬। কমিশন হতে গৃহীত অন্যান্য ঋণের বিবরণঃ

| ঋণের নাম | | ঋণ গ্রহণের তারিখ | ঋণের পরিমাণ | কর্তনের পরিমাণ | অবশিষ্ট | সংযুক্তি |
|---|---|---|---|---|---|---|
| (ক) কর্পোরেট ঋণ গৃহ নির্মাণ ঋণ | : | | | | | |
| (খ) মোটর কার/মোটর সাইকেল ঋণ | : | | | | | |
| (গ) কম্পিউটার ক্রয় ঋণ | : | | | | | |
| (ঘ) ভবিষ্য তহবিল ঋণ | : | | | | | |
| (ঙ) পূর্বে গৃহীত গৃহ নির্মাণ/গৃহ মেরামত ঋণ (যদি থাকে) | : | | | | | |
| | | সর্বমোট | | | | |

১৭। আবেদনের তারিখে আনুতোষিকের পরিমাণ :

১৮। আবেদনের তারিখে ভবিষ্য তহবিলে স্থিতি :

স্বাক্ষর ও তারিখ :
পদবি :